



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/ ১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২।- যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের (অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত) অনুচ্ছেদ ৬৫ এর অধীন সংসদ গঠন করিবার লক্ষ্যে সংবিধানের ১২৩ অনুচ্ছেদের অধীন সংসদ সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠান করা প্রয়োজন;

সেহেতু, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে, বাংলাদেশ নির্বাচন কমিশন, জাতীয় সংসদ গঠন করিবার উদ্দেশ্যে প্রত্যেক নির্বাচনী এলাকা হইতে একজন সদস্য নির্বাচনের জন্য ভোটারগণকে আহবান জানাইতেছে এবং উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ও ঘোষণা করিতেছে:

(ক)	রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাজে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ জাহাংগীর আলম
সচিব

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক গেজেটের ৪,০০০ (চার হাজার) কপি সরকারি কাজে ব্যবহারের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

D:\After 15 Feb 2022\National Election\12 National Election\Commission Meeting\2. Schedule NE.doc

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd